মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা ঢাকা-১২১৭।

২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব কে.এ.এম.এম রইসুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ বিভাগ), এমআরএ
সভার তারিখ : ২৪ জুন ২০২৪
সভার সময় : ১১:০০ ঘটিকা
স্থান : এমআরএ'র সম্মেলন কক্ষ
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যদের তালিকা **পরিশিষ্ট-"ক"**

সভার আলোচ্য বিষয়সমূহঃ

১। ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ।
২। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণ।
৩। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটেজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি হালনাগাদকরণ।

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে অথরিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক সভার (জানুয়ারি-মার্চ) সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা করা হয় এবং পরবর্তীতে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

কার্যক্রম/আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
[১.১] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন	[১.১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ৩য় ত্রৈমাসিকের সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি
[১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	[১.২.১] ওয়েবসাইটে প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	লক্ষ্যমাত্রা অনুসারে প্রয়োজনীয় সংশোধনীসহ সেবা প্রদান প্রতিশ্রুতির ৪র্থ ত্রৈমাসিকের হালনাগাদ তালিকা ২৮ জুন ২০২৪ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।	
[২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	[২.১.১] ১০ জুন ২০২৪ ও ১২ জুন ২০২৪ তারিখ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি প্রশিক্ষণ আয়োজন করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার সম্পন্ন হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।	প্রশিক্ষণ সেল
[২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	[২.২.১] ২১ এপ্রিল ২০২৪ রংপুরে, ৩০ এপ্রিল ২০২৪ মৌলভীবাজারে এবং ১ জুন ২০২৪ তারিখ স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা সম্পন্ন হওয়ায় কমিটি সন্তোষ প্রকাশ করে।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ বিষয়ক কমিটি
[২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	[২.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য উপপরিচালক, লাইসেন্স এর পরিবর্তে উপপরিচালক, রেগুলেশন-কে অন্তর্ভূক্ত করে অথরিটির সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করার বিষয়ে আলোচনা করা হয়।	সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটিতে উপপরিচালক, লাইসেন্স এর পরিবর্তে উপপরিচালক, রেগুলেশনকে অন্তর্ভূক্ত করে কমিটি পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়	

২। উল্লেখ্য, ২০২১-২০২২ অর্থবছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা সংযুক্ত করা হয়েছে। অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন এর উপর বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির অর্জন অনেকাংশে নির্ভরশীল। এক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুসারে সকল সূচক অর্জন করায় কমিটি সন্তোষ প্রকাশ করে।

৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি করা হয়।

২৪/০৬/২০২৪

(কে.এ.এম.এম. রইসুল ইসলাম)
পরিচালক

স্মারক নম্বরঃ ৫৩.০৪.০০০০.০০১.৩৬.০৬৯.২৪.১৪১৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
২. উপপরিচালক, প্রশাসন শাখা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৩. উপপরিচালক, সনদ শাখা ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৪. উপপরিচালক, মানবসম্পদ শাখা ও ফোকাল পার্সন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৫. পিএস টু এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, এমআরএ, মগবাজার, ঢাকা (ইভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সহকারী পরিচালক, প্রশিক্ষণ শাখা ও বিকল্প ফোকাল পার্সন, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) পরিবীক্ষণ কমিটি, এমআরএ
৭. নির্বাহী পরিচালকের ব্যক্তিগত সহকারী, এমআরএ, মগবাজার, ঢাকা (নির্বাহী পরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)
৮. অফিস কপি।

২৪/০৬/২০২৪

(জিনাত আমান বন্যা)
উপপরিচালক